



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 4th Semester Examination, 2023



BNGACOR08T-BENGALI (CC8)

বাংলা কাব্য ও কবিতা

Time Allotted: 2 Hours

Full Marks: 50

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্রমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

১। প্রতিটি একক থেকে একটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১০×৪ = ৪০ ৩০০ হবে)

একক-১

(ক) ‘মেঘনাদবধ’ কাব্যের নায়ক কে? এ বিষয়ে তোমার সুচিন্তিত মতামত ব্যক্ত করো। ১+৯

অথবা

(খ) ‘মেঘনাদবধ’ কাব্যের প্রথম সর্গের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

একক-২

(গ) রবীন্দ্রনাথের ‘মানসী’ কাব্যের ‘মেঘদূত’ কবিতাটি কালিদাসের ‘মেঘদূত’ কাব্যের নবভাষ্য। ১০
— আলোচনা করো।

অথবা

(ঘ) ‘ভারততীর্থ’ কবিতায় রবীন্দ্রনাথের দেশভাবনার যে অভিব্যক্তি প্রকাশিত হয়েছে তা’ বিশ্লেষণ করো। ১০

একক-৩

(ঙ) ‘আবার আসিব আমি বাংলার নদী মাঠ ক্ষেত ভালোবেসে’ — কোন্ কবিতার অংশ? কবির ফিরে আসার আকাঙ্ক্ষা এই কবিতায় কীভাবে কাব্যরূপ লাভ করেছে তার পরিচয় দাও। ১+৯

অথবা

(চ) ‘এই পথে আলো জ্বলে এ পথেই পৃথিবীর ক্রমমুক্তি হবে.....’ — গভীর আশাবাদ এবং জন্মান্তরবাদ কীভাবে অন্তহীন অন্বেষণের পথে ক্রমমুক্তি ঘটাবে, ‘সুচেতনা’ কবিতাটি অবলম্বনে ব্যাখ্যা করো। ১০

একক-৪

(ছ) ‘যযাতি’ কবিতায় পুরাণ প্রসঙ্গকে কবি সুধীন্দ্রনাথ দত্ত কীভাবে আধুনিক যুগের তাৎপর্যে অঙ্কিত করে তুলেছেন তা’ বুঝিয়ে দাও। ১০

অথবা

(জ) ‘যেতে পারি কিন্তু কেন যাব?’ কবিতাটির মূলভাব বিশ্লেষণ করে কবিতাটিতে বিষণ্ণ আবেহের উর্ধ্বে যে আশাবাদ ধ্বনিত হয়েছে তার পরিচয় দাও। ১০

- ২। যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ ৫×২ = ১০
- (ক) ‘নিজগৃহপথ, তাত, দেখাও তস্করে ? ১+১+১+২
চণ্ডালে বসাও আনি রাজার আলয়ে ?’
— বক্তা কে ? কাকে ‘তাত’ বলে সম্বোধন করা হয়েছে ? ‘তস্কর’ শব্দের অর্থ কী ? উদ্ধৃতাংশটির প্রসঙ্গ উল্লেখ করো।
- (খ) “হে উদাসীন পৃথিবী,
আমাকে সম্পূর্ণ ভোলবার আগে
তোমার নির্মল পদপ্রান্তে,
আজ রেখে যাই আমার প্রণতি।” ১+৪
— কোন্ কবিতার অংশ ? পংক্তিগুলির তাৎপর্য ব্যাখ্যা করো।
- (গ) ‘সোনার সিঁড়ির মতো ধানে আর ধানে ১+৪
তোমারে খুঁজেছি আমি নির্জন পেঁচার মতো প্রাণে।’
— কোন্ কবিতার অংশ ? উদ্ধৃতিটির মর্মার্থ ব্যাখ্যা করো।
- (ঘ) ‘আমার জন্মের মধ্যে রয়ে গেছে তরুর ইশারা’ — কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে ? কবি কে ? ১+১+৩
উদ্ধৃতিটির অন্তর্নিহিত তাৎপর্য নির্ণয় করো।

—x—